# Times Today BD

সিনিয়র রিপোর্টার | স্বাস্থ্য | 05 May, 2025

দেশে একটি স্বাধীন ও স্থায়ী স্বাস্থ্য কমিশন গঠনের প্রস্তাব করেছে স্বাস্থ্যখাত সংস্কার কমিশন।সেই সঙ্গে প্রাথমিক স্বাস্থ্যসেবাকে সংবিধানে অন্তর্ভুক্ত করে বিনামূল্যে প্রদানের সুপারিশ করা হয়েছে।এছাড়াও সরকারি হাসপাতালে জনবল নিয়োগ, অত্যাবশ্যকীয় ওষুধের তালিকা বৃদ্ধি, রোগীদের বিদেশমুখিতা কমাতে নতুন হাসপাতাল নির্মাণের প্রস্তাবও দিয়েছে কমিশন।

সোমবার (৫ মে) বেলা ১১টার দিকে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের কাছে জমা দেয়া স্বাস্থ্যখাত সংস্কার কমিশনের প্রতিবেদনে এসব সুপারিশ করা হয়েছে।কমিশনের পক্ষ থেকে দেয়া সুপারিশগুলোর মধ্যে রয়েছে-

স্বতন্ত্র ‘বাংলাদেশ স্বাস্থ্য সার্ভিস’ গঠন

কমিশনের সুপারিশে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের বদলে ‘বাংলাদেশ স্বাস্থ্য সার্ভিস’ নামে একটি স্বতন্ত্র কাঠামো গঠনের প্রস্তাব করা হয়েছে। পাশাপাশি এর জন্য আলাদা পাবলিক সার্ভিস কমিশন (স্বাস্থ্য) গঠন ছাড়াও জনবল কাঠামো পুনর্নির্ধারণের সুপারিশ করা হয়েছে।

বাজেট বরাদ্দ ও দালাল দমন

কমিশনের প্রতিবেদনে সরকারি হাসপাতালগুলোয় শয্যা সংখ্যার পরিবর্তে চিকিৎসা গ্রহণকারী রোগীর সংখ্যা অনুপাতে বাজেট বরাদ্দ করার পাশাপাশি দালালদের দৌরাত্ম্য অবসানে কার্যকর উদ্যোগ নেয়ার প্রস্তাব দেয়া হয়েছে।

পদোন্নতি ও ক্যারিয়ার প্ল্যানিং

সংস্কার কমিশন স্বাস্থ্য সেবা, শিক্ষা ও ব্যবস্থাপনা- এই ৩ ক্যাটাগরিতে প্রমোশনের জন্য পর্যাপ্ত পদসোপান তৈরির প্রস্তাব দিয়েছে।এছাড়াও কর্মকর্তাদের জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে ‘সুপিরিয়র এক্সিকিউটিভ সার্ভিস’- এ প্রবেশের সুযোগ সৃষ্টির সুপারিশও করা হয়েছে।

জনবল নিয়োগ ও উপস্থিতি নিশ্চিতকরণ

স্বাস্থ্যখাত সংস্কার কমিশনের প্রতিবেদনে নতুন চিকিৎসা প্রতিষ্ঠান স্থাপনের আগেই প্রয়োজনীয় ও দক্ষ জনবল নিয়োগ নিশ্চিতের পাশাপাশি উপস্থিতি নিশ্চিতে ডিজিটাল হাজিরা ও সরেজমিনে তদারকি বাড়ানোর সুপারিশ করা হয়েছে।

স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবা বিভাগ আলাদা করা

দেশের চিকিৎসা প্রতিষ্ঠানগুলোকে একাডেমিক ও সার্ভিস হাসপাতাল হিসেবে ভাগ করে তাদের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ স্ব-স্ব বিভাগের অধীনে ন্যস্ত করার প্রস্তাব করা হয়েছে।

স্বাস্থ্য সুরক্ষা আইন ও রেগুলেটরি কর্তৃপক্ষ

স্বাস্থ্যখাত সংস্কারের প্রতিবেদনে চিকিৎসক, স্বাস্থ্যকর্মী ও রোগীদের স্বার্থে ভারসাম্য রেখে ‘স্বাস্থ্য সুরক্ষা আইন’ প্রণয়ন ছাড়াও ল্যাবরেটরিগুলোর মান গ্রহণের জন্য একটি রেগুলেটরি কর্তৃপক্ষ সৃষ্টির সুপারিশ করা হয়েছে।

ফিজিওথেরাপি বিভাগ ও পদ সৃষ্টি

দেশের সব সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, আইএইচটি এবং জেলা ও উপজেলা পর্যায়ের সদর জেনারেল হাসপাতালগুলোয় ফিজিওথেরাপি চিকিৎসার জন্য ফিজিওথেরাপি বিভাগ এবং ফিজিওথেরাপিস্টের পদ সৃষ্টির প্রস্তাব করেছে স্বাস্থ্যখাত সংস্কার কমিশন।

কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র পরিচালনা

প্রধান উপদেষ্টার কাছে জমা দেয়া স্বাস্থ্যখাত সংস্কারের প্রতিবেদনে গ্রাম পর্যায়ে প্রতিষ্ঠিত কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রগুলো সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বেসরকারি সংস্থাগুলোকে দায়িত্ব দেয়ার পাশাপাশি সরকার সুনির্দিষ্ট শর্তে বাজেট বরাদ্দ দিয়ে কেন্দ্রগুলো পরিচালনায় আউটসোর্স করার সুপারিশ করা হয়েছে।

স্বাস্থ্য

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:52

URL: https://www.timestodaybd.com/health/1951974068